

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
নিঃসন্দেহে আল্লাহ আদম (আঃ) ও
নূহ (আঃ) ও ইব্রাহীম (আঃ) এর
বংশধর এবং এমরানের খান্দানকে
নির্বাচিত করেছেন।
সূরা আল ইমরান- ৩২

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
শ্রদ্ধাশ্রম সিমেন্ট
ইস্রাইলের মজবুত সিমেন্ট
সেবা : ০১৯১০০৬৬৬৬৬, ০১৭১১০২৭৭০৪

বরিশাল ৯ রবিবার ১২ এপ্রিল ২০২৬ ৥ ২৩ শাওয়াল ১৪৪৭ ৥ ২৯ চৈত্র ১৪৩২ ৥ ৯ম বর্ষ ৥ ৩২১ সংখ্যা ৥ ৪ পৃষ্ঠা ৥ ৫ টাকা



**সংরক্ষিত নারী আসনে
বিএনপির মনোনয়নপ্রত্যাশীর
সংখ্যা ৬০০ ছাড়িয়েছে**
কীর্তনখোলা ডেস্ক
সংরক্ষিত নারী আসনে বিএনপির
মনোনয়নপ্রত্যাশীর সংখ্যা ৬০০
ছাড়িয়ে গেছে বলে জানিয়েছেন দলটির
জ্যেষ্ঠ ২ এর পাতায় দেখুন



**পরীক্ষার হলে ক্যামেরা
বন্ধ ছিল বললে বুঝাবো
ডাল মে কুচ কালা হ্যায়**
কীর্তনখোলা ডেস্ক
আসন্ন এসএসসি ও সমমান পরীক্ষা
চলাকালে যেন লোডশেডিং না হয়,
সেজন্য বিদ্যুৎ বিভাগকে বিশেষ চিঠি
দেবেন ২ এর পাতায় দেখুন



**তেল আছে শুধু
সংসদে, বাংলাদেশে
নেই: জামায়াত আমির**
কীর্তনখোলা ডেস্ক
দেশের এনার্জি সেক্টরে এখন হাফাকার
চলছে বলে মন্তব্য করেছেন জাতীয়
সংসদের বিরোধীদলীয় নেতা ও
জামায়াতে ২ এর পাতায় দেখুন



**ক্ষমতার স্বাদ পেয়ে
বিএনপি জনগণের রক্তের
কথা ভুলে গেছে: নাহিদ**
কীর্তনখোলা ডেস্ক
ক্ষমতার স্বাদ পেয়ে বিএনপি জনগণের
রক্তের কথা ভুলে গেছে বলে অভিযোগ
করেছেন জাতীয় নাগরিক পার্টির
(এনসিপি) ২ এর পাতায় দেখুন



সারাদেশে হামে ১৬৯ শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
গত ২৪ ঘণ্টায় নিশ্চিত ও হামের
উপসর্গ নিয়ে আরো ২ শিশুর
মৃত্যু হয়েছে। এ নিয়ে গত ১৫
মার্চ থেকে নিশ্চিত ও লক্ষণ নিয়ে
মোট ১৬৯ শিশুর মৃত্যু হয়েছে।
এ সময়ে ১৮ হাজার ৮৭৪ শিশু
হামে আক্রান্ত হয়েছে। শনিবার
(১১ এপ্রিল) স্বাস্থ্য অধিদপ্তরের
কন্ট্রোল রুম থেকে পাঠানো প্রেস
বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো
হয়েছে। তথ্য বিশ্লেষণে দেখা
যায়, গত ১৫ মার্চ থেকে এখন
পর্যন্ত সারাদেশে নিশ্চিত হামে
মৃত্যু হয়েছে ২৪ শিশুর,
সন্দেহজনক মৃত্যু হয়েছে আরও
১৪৫ শিশুর। এছাড়া নিশ্চিত
হামে আক্রান্ত হয়েছে ২৪৮৯
শিশু এবং সন্দেহজনক আরও
২ এর পাতায় দেখুন



বরিশাল প্রেসক্লাবের বার্ষিক সাধারণ সভা শেষে সদস্যদের ফটোসেশন

-কীর্তনখোলা

বরিশালে স্বাস্থ্য সচিব বিগত সরকারের ভুলে হামের প্রভাব দেশব্যাপী বৃদ্ধি পেয়েছে

কীর্তনখোলা রিপোর্ট

বিশ্ব পারকিনসন দিবস উপলক্ষ্যে
ন্যাশনাল ইনস্টিটিউট অব
নিউরোসায়েন্স অ্যান্ড হসপিটালে
আয়োজিত সেমিনারে তিনি
শনিবার এ কথা বলেন। বর্তমান
সময়ে দেশের হাম পরিস্থিতি

নিয়ে উদ্বেগ প্রকাশ করে স্বাস্থ্য
সচিব বলেন, 'গত ৪ বছর
টিকাদান কর্মসূচিতে কিছুটা হ্রাস
পড়ায় বর্তমানে হাম নিয়ে এমন
পরিস্থিতি সৃষ্টি হয়েছে। এই
পরিস্থিতি মোকাবিলায় সরকার
আন্তরিকতার সাথে কাজ
করছে।' হামের বর্তমান
পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য সচিব
বলেন, বিগত সরকারের ভুলের
কারণে বর্তমানে হামের প্রভাব
দেশব্যাপী বৃদ্ধি পেয়েছে।
ঠিকমতো টিকাদান কর্মসূচি
চলমান ২ এর পাতায় দেখুন



সরকার কর্তৃক প্রণীত ইয়াহরত নির্মাণ বিধিমালা বহির্ভূত নকশা সংশোধনপূর্বক পুনঃমাখিল ও অনুমোদন সক্রান্ত
বিষয়ে নাগরিক মতবিনিময় সভায় উপস্থিত বিসিপি প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরিন-কীর্তনখোলা

৬০ শিক্ষকের পদোন্নতির দাবিতে ববি উপাচার্যকে আলটিমেটাম

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) ৬০ শিক্ষকের পদোন্নতি কার্যকর করা এবং পদোন্নতি বোর্ড গঠনের দাবিতে
উপাচার্য ড. মোহাম্মদ তোফিক আলমকে পাঁচ কার্যদিবসের আলটিমেটাম দিয়েছেন শিক্ষকেরা। শুক্রবার
রাত্রে উপাচার্যের দপ্তরে এক লিখিত আবেদনে শিক্ষকেরা এই দাবি জানান। পদোন্নতিপ্রত্যাশী শিক্ষকদের
মধ্যে ২৪ জন সহযোগী অধ্যাপক, ৩০ সহকারী অধ্যাপক ও ৬ জন প্রভাষক। জানা গেছে, শুক্রবার রাত
৮টার দিকে অধ্যাপক, সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি পেতে চাওয়া শিক্ষকদের নিয়ে বসেন উপাচার্য।
সে সময়ে তিনি শিক্ষকদের জানান, ১০ এপ্রিল ইউজিসির সঙ্গে অনুষ্ঠিত হতে যাওয়া সভায় শিক্ষকদের
পদোন্নতির বিষয়টি গুরুত্বের সঙ্গে আলোচনা করা হবে। উপাচার্য রবার ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, সচিব বাহ্যিক প্রণয়ন বাংলা জাতিগত ও ব্যাকবানবিশ বরিশাল সরকারি বিশ্ববিদ্যালয়ে কলেজ,
বাংলা বিভাগের সাবেক শিক্ষার্থীরা এবং একে বাংলাদেশ মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পঠীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রণয়নের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক,
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক,
সরকারি আশুপদাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজনশীল গ্রন্থ প্রণেতা

পৃথিক মোস্তফা (এমফিল, ইবি)

১৮৫ পাওয়ার জন্য যোগাযোগ করুন:

০১৭১২৪৬১৬২, ০১৭১২৪৬১৬৩, ০১৭১২৪৬১৬৪

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ডিস্ট্রি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-৩১৪২১৯	ইসলামিয়া লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-২৬৪৬৩৩	অব্দের লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-৪৬৪৬১৫	অব্দের লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-৪৬৪৬১৫
খন্দকার লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-৪৭৭৬৭৭	নিউ মাহবুব লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-১০৭৭২০	রহমান বুক হাউজ শাহাবুজ্জামান, বরিশাল ০১৭১২-৬৭০৭১৫	মজুমদার লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-১৩৭২৬৪
অমৃত লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-৪০৪০৪৯	নিউ কলেজ লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-০৭৪৬৬৩	হক লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-৪৫১৬৫৪	আশরাফিয়া লাইব্রেরি সরকারি বোর্ড, বরিশাল ০১৭১২-৪৪৪০৪৩

খলিলুর রহমান-জয়শঙ্কর বৈঠক: শেখ হাসিনাকে প্রত্যর্পণের দাবি

কীর্তনখোলা ডেস্ক

সাবেক প্রধানমন্ত্রী শেখ
হাসিনাকে বাংলাদেশে ফেরত
পাঠানোর দাবি ভারতের কাছে
পুনর্ব্যক্ত করেছে ঢাকা। শুক্রবার
(১০ এপ্রিল) মরিশাসের পোর্ট
লুইসে নবম ভারত মহাসাগরীয়
সম্মেলন থেকে দেশে ফেরার
আগে সাংবাদিকদের সঙ্গে
আলাপকালে এসব কথা বলেন
বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড.
খলিলুর রহমান। একই সঙ্গে
তিনি বাংলাদেশের নবনির্বাচিত
প্রধানমন্ত্রী তারেক রহমানের
সম্ভাব্য ভারত সফরের বিষয়েও
আলাপ দিয়েছেন। ভারতীয়
সংবাদমাধ্যম দ্য হিন্দুর
প্রতিবেদন থেকে এসব তথ্য
জানা গেছে। এর আগে চলতি
২ এর পাতায় দেখুন

কীর্তনখোলা রিপোর্ট

ভোরের আলো ফুটতেই
একসময় দক্ষিণাঞ্চলের
মানুষ রেডিওর দিকে কান
পেতে থাকতেন।
ঘূর্ণিঝড়, জলাচ্ছাদন
বিহীন নদীর পানি বুধের
আগাম্য বার্তা পেতে
বেতারই ছিল তাদের
সবচেয়ে বড় ভরসা। কিন্তু
এখন সেই বেতার যেন
কার্যত অচল। শব্দ আছে,
কিন্তু পৌছায় না; তরঙ্গ
আছে, কিন্তু ছড়িয়ে পড়ে
না। দক্ষিণাঞ্চলের
একদম রাষ্ট্রীয় সম্প্রচার
কেন্দ্র বাংলাদেশ বেতার
বরিশালের এফএম
সিগন্যাল এখন মাত্র ১০
থেকে ১৫ কিলোমিটারের
ব্যপ্তি



কিলোমিটারের মধ্যেই সীমাবদ্ধ। মিডিয়াম
ওয়েভ সিগন্যালও মাত্র ১০ থেকে ১৫ কিলোমিটারের বেশি পৌঁছাতে
পারছে না। ফলে
অধিকাংশ শ্রোতার
কাছেই পৌঁছাতে না
জরুরি তথ্য ও অনুষ্ঠান।
বর্তমানে কেন্দ্রটি থেকে
২০ কিলোমিটার দূরত্বের
মিডিয়াম ওয়েভ এবং ১০
কিলোমিটার দূরত্বের
এফএম ট্রান্সমিটারের
মাধ্যমে প্রতিদিন দুই
অধিবেশনে ১৪ ঘণ্টা ১৫
মিনিট অনুষ্ঠান প্রচার
করা হয়। তবে বাস্তবে
বরিশাল মহানগরীর
অনেক এলাকাতেই
পরিকারভাবে এফএম
সম্প্রচার শোনা যাচ্ছে
না। এই বেতার

কেন্দ্রটির মূল উদ্দেশ্য ছিল উপকূলীয় মানুষকে ঘূর্ণিঝড়, জলাচ্ছাদন ও
প্রাধানসহ বিভিন্ন দুর্ঘটনা সম্পর্কে ২ এর পাতায় দেখুন

সারাদেশে চাঁদাবাজদের 'আনবায়াসড তালিকা' করছে র্যাব

কীর্তনখোলা ডেস্ক

সারা দেশজুড়ে চাঁদাবাজদের একটি আনবায়াসড তালিকা তৈরি করছে
র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। তালিকা প্রস্তুত শেষে এতে
থাকা সব অপরাধীর বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে
জানিয়েছে সংস্থাটি। শনিবার (১১ এপ্রিল) দুপুরে রাজধানীর কারওয়ান
বাজারে র্যাব মিডিয়া সেক্টরে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা
বলেন র্যাবের পরিচালক আনিসুল ইসলাম। মিডিয়া উইয়ের পরিচালক-কইং এম।
এম। জেড এম ইত্তেহাদ চৌধুরী। র্যাবের এই কর্মকর্তা বলেন, স্বরাষ্ট্র
মন্ত্রণালয়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে চাঁদাবাজদের একটি আনবায়াসড
তালিকা তৈরির কাজ শুরু হয়েছে। ২ এর পাতায় দেখুন



উচ্চ আদালতের রায়ের পরও মিলছে না প্রাপ্য ভাতা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে অবসরপ্রাপ্ত এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের
অবসর ভাতা ও কল্যাণ ভাতা দ্রুত প্রদানের দাবিতে মানববন্ধন ও
বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১১ এপ্রিল) বেলা ১১টায়
অবসরপ্রাপ্ত এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারী কল্যাণ সমিতির
আয়োজনে এ কর্মসূচি পালিত হয়। এতে জেলার বিভিন্ন এলাকা থেকে
আগত অবসরপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীরা অংশ নেন। মানববন্ধনে
বক্তারা বলেন, হাইকোর্টের রায় থাকা সত্ত্বেও দীর্ঘদিন ধরে অবসর
ভাতা ও কল্যাণ ভাতা প্রদান করা হচ্ছে না। ফলে অবসর-পরবর্তী
সময়ে রচম আর্থিক সংকটে দিন কাটতে হচ্ছে শিক্ষক-কর্মচারীদের।
অনেক ক্ষেত্রে অবসর গ্রহণের তিন থেকে চার বছর পার হলেও প্রাপ্য
অর্থ না পেয়ে কেউ কেউ মৃত্যুবরণ করেছেন। যা অত্যন্ত দুঃখজনক ও
অমানবিক। তারা আরও বলেন, চাকরিকালীন বেতনের ১০ শতাংশ
কেটে রাখা হলেও গত প্রায় সাত বছর ধরে সেই অর্থ পরিশোধ বন্ধ
রয়েছে। এতে অবসরপ্রাপ্ত শিক্ষকরা ২ এর পাতায় দেখুন



কবি জীবনানন্দ মেলায় দ্বিতীয় দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অ্যাড. মজিবুর রহমান সরওয়ার-কীর্তনখোলা

জ্বালানি সংকটে কুয়াকাটায় পর্যটক খরা হতাশায় ব্যবসায়ী ও পর্যটন সংশ্লিষ্টরা

কুয়াকাটা প্রতিনিধি

জ্বালানি সংকট ও প্রশাসনিক
বিধিনিষেধের প্রভাবে দেশের
অন্যতম জনপ্রিয় পর্যটন কেন্দ্র
পটুয়াখালীর কুয়াকাটায় দেখা
দিয়েছে পর্যটক খরা। সপ্তাহের
সবচেয়ে ব্যস্ত দিন (১০ এপ্রিল)
শুক্রবারও কাঙ্ক্ষিত পর্যটকের
দেখা মেলেনি। ফলে চরম
হতাশায় দিন কাটাচ্ছেন স্থানীয়
ব্যবসায়ী ও পর্যটন সংশ্লিষ্টরা।

জানা গেছে, জ্বালানি সংকটের
কারণে প্রাইভেট গাড়ির সংখ্যা
উল্লেখযোগ্যভাবে কমে গেছে।
পাশাপাশি সন্ধ্যা সাতটার মধ্যে
দোকানপাট বন্ধ রাখার সিদ্ধান্তে
পুরো এলাকা দ্রুত অন্ধকারে
ঢেকে যাচ্ছে। এতে করে
পর্যটকদের অবস্থানকাল কমে
যাচ্ছে এবং রাস্তার অর্থনৈতিক
কার্যক্রম প্রায় স্থবির হয়ে
পড়ছে। কুয়াকাটা সমুদ্র

সৈকতের জিরো পয়েন্ট,
লেম্বুরবন, গঙ্গামতি, কাউয়ারের
ও রাখাইন মার্কেট সবখানেই
পর্যটকদের উপস্থিতি ছিল
একেবারে কম। সাধারণত ছুটির
দিনে যেখানে পর্যটকদের ভিড়
লগে থাকে, সেখানে ছিল
নীরবতা। পর্যটক কমে যাওয়ায়
সবচেয়ে বেশি ক্ষতির মুখে
পড়েছেন ক্ষুদ্র ব্যবসায়ীরা।
২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা:
পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা:
নাঙ্গিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যিক
অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ
আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মম্বাদকীয় স্বায়ী শান্তি প্রতিষ্ঠিত হোক

অবশেষে বিশ্ব বড় ভরে একটি নিঃশব্দ নেওয়ার সুযোগ পেল। মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে দম বন্ধ করা পরিস্থিতি থেকে বিশ্ব স্বল্প সময়ের জন্য হলেও মুক্ত হলো। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ওয়াশিংটন সময় মঙ্গলবার সন্ধ্যা ৬টা ৩২ মিনিটে (বাংলাদেশ সময় গতকাল বুধবার সকালে) দুই সপ্তাহের জন্য যুদ্ধবিরতির ঘোষণা দিলেন। ট্রাম্প তাঁর সোশ্যাল মিডিয়া ওয়েবসাইটে এক পোস্টে জানান, যুক্তরাষ্ট্র ও ইরান একটি ‘সুনির্দিষ্ট’ শান্তিচুক্তির দিকে ‘অনেকটাই এগিয়েছে’ এবং এই আলোচনাকে অগ্রসর করার লক্ষ্যে তিনি দুই সপ্তাহের যুদ্ধবিরতিতে রাজি হয়েছেন। মধ্যপ্রাচ্যের যুদ্ধ ক্রমেই বিপজ্জনক হয়ে উঠছিল। প্রতিদিন আরো ভ্রাতৃকৈর কিছুই ইঙ্গিত আসছিল। শেষ পর্যন্ত ট্রাম্প একটি চুক্তিতে পৌছার জন্য ইরানকে আলটিমেটাম দিয়ে বলেছিলেন, ওয়াশিংটনের স্থানীয় সময় মঙ্গলবার রাত ৮টার মধ্যে তেহরান চুক্তিতে না পৌছলে রাতের মধ্যেই ‘ইরানের পুরো সভ্যতা ধ্বংস’ করে দেওয়া হবে। বিবিসির উক্ত আমেরিকা সংবাদদাতা অ্যান্থনি জার্চার মন্তব্য করেছেন, সমস্যাীমা শেষ হওয়ার দৃষ্টি দেেককে আগে আপাত স্বস্তির এই খবরটি অনেকটাই ‘কারনে পাশ দিতে গুলি’ চলে যাওয়ায় মতো। ইরান এই সময়ে জাহাজ চলাচলের জন্য বহুদূর প্রণালি বলে মেনে। তেহরান বলেছে, তারা সমঝোতা অনুযায়ী সবই করবে। তবে বহুজেরে ওপর তাদের ‘আধিপত্য’ থাকবেই। বিশেষজ্ঞরা মনে করেন, এই আপাত সমঝোতা ট্রাম্পকে কঠিনতম এক পরিস্থিতি থেকে বেরিয়ে আসার সুযোগ করে দিয়েছে। কারণ সমঝোতা না হলে ট্রাম্পের সামনে একটাই করণীয় থাকত, তা হলো হুমকি অনুযায়ী ইরানকে ধ্বংস করে দেওয়া। এতে যুদ্ধের আভ্যন আরো বেশিে জ্বলে উঠত এবং বিশ্বব্যাপী অমেরিকার বিরুদ্ধে উত্ত্রু জন্মতত তৈরি হতো। স্বায় ইরানে হামলা না করা হলে ট্রাম্পের কথা বা হুমকির বিশ্বাসযোগ্যতা আরো কমে যেত। তাই শেষ মুহূর্তের সমঝোতা ট্রাম্পের জন্য অনেক বেশি স্বস্তির। স্বস্তির বিষয় বিশ্বের জন্যও। কারণ জ্বালানিসংকট ও তার পরিস্থিতি বিশ্বব্যাপী বড় ধরনের উদ্বেগের কারণ হয়ে উঠেছে। কয়েক মাসের মধ্যে ১১৬ ডলার থেকে ব্যারেলপ্রতি অবশিষ্ট জ্বালানি তেলের দাম ১০০ ডলারের নিচে নেমে এসেছে। এই যুদ্ধবিরতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন পাকিস্তানের নেতারা। ট্রাম্প লিখেছেন, পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ ও ফিল্ড মার্শাল আসিম মুনিরের সঙ্গে আলোচনায় তাঁরা যেহেতু আজ রাতের ইরানের ওপর গুলশাওক হামলা না করার অনুরোধ জানানোেন এবং ইসলামী প্রজাতন্ত্র ইরান যেহেতু বহুদূর প্রণালিতে অবশেষে সম্পূর্ণ ও নিরাপদভাবে ঘুরে নেওয়ার শর্তে সম্মত হয়েছেন, সেহেতু আমি দুই সপ্তাহের জন্য ইরানের ওপর যোমা হামলা ও আক্রমণ স্থগিত রাখতে রাজি হয়েছি। পাকিস্তানকে ধন্যবাদ জানিয়েছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগাচিও। ট্রাম্পের এমন ঘোষণা সত্ত্বেও বিশেষজ্ঞরা পুরোপুরি আশঙ্কামুক্ত হতে পারছেন না। ইরানে যে ১০ দফা প্রস্তাব দিয়েছে, তা যুক্তরাষ্ট্র ও ইসরায়েল কতটা মেনে নেবে, তা নিয়েও সংশয় আছে। অন্যদিকে ট্রাম্পের ঘোষণার পরপরই ইরান ও ইসরায়েলের মধ্যে পাল্টাপাল্টি হামলার খবর পাওয়া গেছে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ঘোষিত যুদ্ধবিরতি লেবাননের ক্ষেত্রেও কার্যকর হবে কি না, তা নিয়েও কিছুটা অনিশ্চয়তা দেখা দিয়েছে। লেবানন এই যুদ্ধবিরতিতে অন্তর্ভুক্ত হবে না বলে দাবি করছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। আমরা চাই, যুদ্ধ নয়, আলোচনার মাধ্যমে সব সমস্যার সমাধান ঘেঁষে। মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে সারা বিশ্বে যে উদ্বেজকতার পরিস্থিতি তৈরি হয়েছে, তা থেকে বিশ্ব রেহাই পাক। অঞ্চলটিকে স্বায়ীভাবে শান্তি প্রতিষ্ঠিত হোক।

উচ্চ আদালতের রায়ের

মানবতের জীবনমুখ্য পদতটে বাধ্য হচ্ছেন। দ্রুত এই সংকট নিরসনে সরকারের জরুরি হস্তক্ষেপ কামনা করেন বক্তারা। মানববন্ধন শেষে অশ্বজঘন্যকারীরা নগরীতে একটি বিক্ষোভ মিছিল বের করেন। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে বরিশাল সিটি কর্পোরেশন একটি সংবাদ সমেলন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তব্য দেন সংগঠনের জেলা সভাপতি অরুণ সুভাষ চন্দ্র পাল, সংগঠনের সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ মো. আনোয়ারুল হকসহ বিভিন্ন উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ। প্রসংহত, অবসরপ্রাপ্ত শিক্ষক বিশ্ব কর্মী দাসের করা টিট পিটের মাে ১৩১৮৮/২০১৯-এর প্রেক্ষিতে হাইকোর্ট ২০২৪ সালের ২২ ফেব্রুয়ারি প্রদত্ত র‌্যায়ের এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ভাতা ও কল্যাণ ভাতা তাদের প্রবৃদ্ধিসহ সর্বশেষ মূল বেতনের ১৬৬ মাসের সম্পূর্ণমাত্রা অর্থা অবসর গ্রহণের ছয় মাসের মধ্যে পরিশোধের নির্দেশ দেয়। হাইকোর্টের এই সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও বছরের পর বছর ন্যায়া পাওনা পরিশোধে গড়িমসি করছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। ফলে পাঁচ দফা দাবিতে আন্দোলনে নেমেছেন অবসরপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীরা। দাবিগুলোর মধ্যে রয়েছে-অবসর ভাতা ও কল্যাণ ভাতা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ, ছয় মাসের বিশেষ বিলম্ব হলে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জিপি ফান্ডের সুদের হারে অতিরিক্ত আর্থিক সুবিধা প্রদান, অবসর ও কল্যাণ তহবিলে কর্তৃত চাকর সুস্পষ্ট হিসাব শিট প্রকাশ, সর্বশেষ মূল বেতন ফেল অনুযায়ী ভাতা নির্ধারণ এবং সরকারি কর্মচারীদের মতো উৎসব ভাতা, চিকিসা ভাতা ও বিশেষ ভাতা প্রদান।

জ্বালানি সংকটে কুয়াকাটায় পর্যটক খরা

সৈকতে বসে থাকা ফটোগ্রাফার, খাবারের দোকানদার, মোটরসাইকেল চালকরা সবাইই একই চি্ন। সৈকতের ফটোগ্রাফার আদুর রহিম বলেন, আগে তত্ত্বাবরা মানেই ছিল আমাদের জন্য বড় সময়। সকাল থেকে তার পশ্চৎ ক্যামেরা নিয়ে সৌভাগ্যে হতো। দিনে অত্রত ২০-৩০ জন পর্যটকের ঘি্ন তুলনামূল্যে। এখন পুরো দিন বসে থাকলেও ৪-৫ জন ক্যাকারিও পাই না। অনেক সময় একেবারেই কাজ থাকে না। আর না থাকায় দস্যোর চালানো খুব কঠিন হয়ে গেছে। ক্যামেরার ক্লিষ্ট, পরিবারের খরচ সব মিলিয়ে দুশ্চিন্তায় আছি। আচার ব্যবসায়ী রাসেল রুম্মান বলেন, আমাদের ব্যবসা পুরোপুরি পর্যটকদের ওপর নির্ভরশীল। আগে ছুটির দিনে একদিনে যত বিক্রি হতো, এখন সেটা সপ্তাহেও হচ্ছে না। দোকান খুলে বসে থাকি, কিন্তু ক্রেতা আসে না। অনেক সময় পণ্য নষ্ট হয়ে যাচ্ছে। প্রতিদিন লোকসান গুনতে হচ্ছে। যদি এই অবস্থা আরও কিছুদিন চলে, তাহলে হয়ত ব্যবসা গুটিয়ে নিতে বাধ্য হবে। কুয়াকাটা সিকদার রিসোর্ট অ্যান্ড বিলাসের এজিএম আর আমিন উজ্জ্বল বলেন, আমাদের রিসোর্টের মোট রুম সংখ্যা দুশোর ওপর, যার ৮০ শতাংশ পর্যটক পেডাম ব্যক্তিগত গাড়ি নিয়ে আসা। তত্ত্বাবরা ব্যক্তিগত গাড়ি নিয়ে আসা পর্যটকের সংখ্যা একেবারে শূন্যের কোটায়। তত্ত্বাবরা যেখানে আমাদের কমপক্ষে ৭০ থেকে ৮০ শতাংশ গরু বুকি হয়ে যায়, সেখানে রুম বুকিং পেয়েছি মাত্র ১৫-২০ শতাংশ। এভাবে চলতে থাকলে ব্যবসা বন্ধ করা ছাড়া বিকল্প কোনো পথ থাকবে না। কুয়াকাটা হোটেল-মোটেল এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের সভাপতি ইব্রাহিম ওয়াহিদ বলেন, জ্বালানি সংকটের কারণে পর্যটক কমে যাওয়ায় সবচেয়ে বেশি প্রভাব পড়ছে আমাদের ওপর। হোটেলগুলোতে বুকিং কমে গেছে, অনেক কক্ষ খালি পড়ে আছে। ফলে কর্মচারীদের কাজও কমে গেছে। অনেকেই আরো মতো বেতন পাচ্ছেন না, কেউ কেউ চাকরি হারানোর শঙ্কায় পড়েন। এই খাতের সঙ্গে জড়িত হাজারো মানুষের জীবিকা এখন অনিশ্চয়তার মধ্যে রয়েছে। কুয়াকাটা হোটেল-মোটেল ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি এম এ মাহতাবেল শরীফ বলেন, কুয়াকাটার পর্যটন খাতে বিপুল পরিমাণ বিনিয়োগ রয়েছে। কিন্তু বর্তমান পরিস্থিতিতে ব্যবসা প্রায় স্থবির হয়ে পড়েছে। পর্যটক না থাকায় হোটেল পরিচালনার খরচ তুলতে পারছি না। বিদ্যুৎ, স্টাক বেতন, রক্ষণাবেক্ষণ সবকিছু চালাতে হতেমতো থাকছে না। বিদ্যুৎ সরবরাহ নিয়ত পরিস্থিতির উন্নতি না হয়, তাহলে অনেক বিনিয়োগকারী বড় ধরনের ক্ষতির সম্মুখীন হবেন এবং ভবিষ্যতে নতুন বিনিয়োগও নিরুৎসাহিত হবে।

এক কিলোমিটারে সীমাবদ্ধ

আগাম সতর্কবার্তা নেওয়া। কিন্তু বর্তমান পরিস্থিতিতে সেই দায়িত্ব পালনে ব্যর্থ হচ্ছে কেন্দ্রটি। এতে বৃকিপূর্ণ উপকূলীয় জগোপ্যষ্টীর নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। ১৯৭৮ সালে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সময় কেন্দ্রটি স্থাপনের উদ্যোগ নেওয়া হয়। পরে নানা প্রতিবন্ধকতা পেয়েই ১৯৯৬ সালের ৩০ জুন সম্প্রদায় গুরু হয় এবং ১৯৯৯ সালের ১২ জুন আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। গুরু এখানেই ট্রান্সমিটারের সক্ষমতা সীমিত ছিল, আর নিয়মিত আধুনিকায়নের অভাবে তা আরও দুর্বল হয়ে পড়ে। সাম্প্রতিক সময়ে পরিস্থিতি আরও অবনতি হয়েছে। গত সপ্তাহে টানা তিন দিন এক্ষণম ট্রান্সমিটার বন্ধ থাকার পর বেটো চাপ করা গেলেও এখন কার্যভ ১ থেকে ২ কিলোগাট ক্ষমতায় চলাছে। ফলে সিগন্যাল কাভারেজ মারাত্মকভাবে কমে গেছে। স্থানীয় সুধীজনদের অভিযোগে, দীর্ঘদিনের অবহেলা, ব্যয়ব্যয় রক্ষণাবেক্ষণের অভাব এবং আধুনিক প্রযুক্তির ঘাটতিই এ অবস্থার জন্য দায়ী। তারা কেন্দ্রটির জরুরি ভিত্তিতে আধুনিকায়নের দাবি জানিয়েছেন। সম্প্রতি তথ্য ও সম্প্রচার মন্ত্রী

জহির উদ্দিন স্বপন কেন্দ্রটি পরিদর্শন করেন। এ সময় স্থানীয়রা মিডিয়াম ওয়েভে ১০০ কিলোগাট ক্ষমতার ট্রান্সমিটার স্থাপনের প্রস্তাব দেন। মন্ত্রী স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের নির্দেশ দেন এবং উপকূলীয় মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। সচেতন নাগরিকরা বলছেন, বাংলাদেশ বেতার বরিশাল শুধু একটি সম্প্রচার কেন্দ্র নয়, এটি দুর্যোগপ্রবণ উপকূলীয় মানুষের জীবনরক্ষাকারী মাধ্যম। দ্রুত কার্যকর উদ্যোগ না নেওয়া হলে এর প্রভাব সবচেয়ে বেশি পড়বে উপকূলের অসহায় মানুষের ওপর। কেন্দ্রটির পরিচালক কিশোর রঞ্জন মল্লিক জানান, পুরোনো ট্রান্সমিটারের কারণে সমস্যা হচ্ছে। তবে চলতি বছরের মধ্যেই নতুন ১০ কিলোগাট ক্ষমতার এক্ষএম ট্রান্সমিটার স্থাপনের উদ্যোগ নেওয়া হচ্ছে।

বিগত সরকারের ভুলে হামের

ধাকলে এ সমস্যার মুখোমুখি হতে হতো নী। বর্তমানে আমরা ৬ থেকে ৫৯ মাস বয়সি শিশুদের জন্য দেশব্যাপী টিকানার কার্যক্রম পরিচালনা করছি। দেশে হামের টিকার কোনো ব্যাতিতি নেই জানিয়ে তিনি বলেন, আগামীকাল রোববার (১২ এপ্রিল) থেকে ঢাকা উত্তর-দক্ষিণ, চট্টগ্রাম, ময়মনসিংহ ও বরিশাল সিটি কর্পোরেশনের হামের টিকা কার্যক্রম শুরু হবে। আগামী ২০ এপ্রিল থেকে দেশব্যাপী টিকানার কার্যক্রম শুরু হবে। গবেষক এবং পরামর্শক হিসেের পরামর্ম অনুযায়ী, ছয় মাস থেকে ৫৯ মাস বছর বয়সি বাচ্চাদের সবাইকে হামের টিকার আওতায় নিয়ে আসা হচ্ছে বলেও জানান স্বাস্থ্য সচিব। এদিকে বিশ্ব পারকিনসন দিবস উপলক্ষ্যে রাজধানীর সোহরাওয়ার্দী মেডিকেল কলেজে জ্যোত্সনা সভা ও এক বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুল মোমেন খান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলমের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডা. এটিএম সোলাইমান করিম। আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মুহাম্মদ আজহার হোসেন।

৬০ শিক্ষকের পদোন্নতির দাবিতে

লিখিত আলটিমেটামে শিক্ষকেরা উদ্বৃত্ত অবস্থানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রায় ৬০ জন শিক্ষক দীর্ঘদিন ধরে পদোন্নতির জন্য আবেদন করে অপেক্ষা করছেন। কিন্তু এই দীর্ঘ প্রতীক্ষার কোনো সুস্পষ্ট সমাধান বা অগ্রগতি দুদমানো নয়। ২৪ সহযোগী অধ্যাপকের পদোন্নতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। অথচ প্রায় সাড়ে পাঁচ মাস অতিক্রান্ত হওয়ার পরও সিভিকিট সভা না হওয়া এবং ছাদের যোাদানের প্রক্রিয়া সম্পন্ন না হওয়া নিজিরবহীন দৃষ্টান্ত। এ ভাবে ৩৬ জন শিক্ষক পদোন্নতির জন্য আবেদন করছেন, তাদের বোর্ড আগামী পাঁচ কার্যদিবসের মধ্যে শুরু করতে হবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান পদোন্নতি নীতিমালা অনুসরণ করে সব আবেদনকারীর জন্য সমান ও স্বচ্ছ প্রক্রিয়ায় বোর্ড অয়েজেন নিশ্চিত করার দাবি জানানো হয় লিখিত আবেদনে। এ প্রসঙ্গে মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আব্দুল কাইউম বলেন, ‘৭-৮ মাস ধরে অত্রত ৩০ বার ভিসির দপে বসেছি। বছরার হাত তুলেছি, অনুরোধ করছি, সারার আমাদের পদোন্নতি ঘুলিয়ে রাখছেন না। কিন্তু উনি (ভিসি) কেবল ঘুরাচ্ছে আমাদের। গুত্তবাবর রাতে উপাচার্য বৈঠকে বসলেম, ইউজিসির সঙ্গে বসে তিনি সিদ্ধান্ত জানানোে। কিন্তু আমরা উপাচার্যকে পাঁচ কার্যদিবসের আলটিমেটাম বেরে দিমেছি। অর্থাৎ আগামী রোববারের মধ্যে উপাচার্য ৬০ শিক্ষকের পদোন্নতির উদ্যোগ না নিলে আমরা বৃহত্তর কর্মসূতি শুরু করব।’ এ ব্যাপারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ তৌফিক আলম বলেন, যে নিয়েম শিক্ষকেরা পদোন্নতি চাচ্ছেন, তাতে ইউজিসির আপত্তি থাকবে। ইউজিসি বলছে শিক্ষা মন্ত্রণালয়ের অভিন্ন নীতিমালায় পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পদোন্নতি দিতে হবে। ইতিমধ্যে এস-সক্রেজ্ঞ পর দিয়াকে ইউজিসি। বোর্ের ভাগ বিশ্ববিদ্যালয় ও-ই নীতিমালা অনুযায়ী পদোন্নতি দেওয়া শুরু করেছে।

সারাদেশে চাঁদাবাজদের ‘আনবায়াসড

রায়ের ১৫টি ব্যাটাচালির প্রক্রিয়ামে মাঠ পর্যায়ে কাজ শুরু করেছে এবং গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে। যারাই তালিকায় থাকবে, তাদের কার্যক্রমেই ছাড় দেওয়া হবে না। উল্লেখ্য রাজনৈতিক ব্যক্তিত্ব থাকলে কি হবে-এমন প্রশ্নের জবাবেও উদ্ভেজাতরা ইহেখাব চৌধুরী বলেন, তালিকা হবে সম্পূর্ণ নিরপেক্ষ। কোনো ধরনের পক্ষপাতিত্ব থাকবে না। যে অপরাধী, তার বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হবে। কতদিনের মধ্যে এই তালিকা সম্পন্ন হবে? এ বিষয়ে নির্দিষ্ট সময়সীমা না জানালেও তিনি বলেন, যত দ্রুত সম্ভব কাজ শেষ করে মাঠে অভিযান শুরু করা হবে। আজকেও হতে পারে। তিনি জানান, চাঁদাবাজি শুধু একটি নির্দিষ্ট খাতে সীমাবদ্ধ নয়। পরিবহন খাতে মহাসড়ক কেন্দ্রিক চাঁদাবাজি, রাস্তার ব্যবসায়ীদের কাছ থেকে চাঁদা আদায়, বিভিন্ন প্রতিষ্ঠানে চাপ সৃষ্টি, সব ধরনের চাঁদাবাজিকে এই তালিকার আওতায় আনা হচ্ছে। ছোট থেকে বড় সব স্তরের অপরাধবাজিই বিবেচনায় নেওয়া হচ্ছে। রায় বলছেন, অনেক ক্ষেত্রে ভুক্তভোগীরা ভয় বা নিরাপত্তাজনিত কারণে অভিযোগ করেন না। সেক্ষেত্রে গোয়েন্দা তথ্য, মাঠ পর্যায়ের অনুসন্ধান এবং বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই করে তালিকা প্রস্তুত করা হচ্ছে। কল্যাণপুরে একটি হাসপাতালের উদ্যোক্তার কাছ থেকে চাঁদা দাবির অভিযোগের বিষয়ে প্রমা করা হলে তিনি বলেন, বিষয়টি প্রথমে পুলিশের কাছে গেছে এবং যারাই-বাছাই চলছে। একেইসঙ্গে রংপুরও ছায়া তদন্ত শুরু করেছে। অভিযোগ প্রমাণিত হলে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে। চট্টগ্রামে সাম্প্রতিক একটি বৃহৎ ইয়াবা চালান আত্মকের প্রসঙ্গে তিনি বলেন, মাঠ পর্যায়ের যারা ধরা পড়ে তারা বাধ্যগত নিষেধাজ্ঞা দসস্য। তবে তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে মূল হোতা বা গড়ফাদারদের শনাক্ত ও ক্ষেত্রভরের চৌকি চালানো হয়। একদিনে সব হয় না, কিন্তু আমাদের চৌকি চলমান থাকে। আইনশৃঙ্খলা বাহিনীর ওপর কোনো ধরনের চাপ আছে কিনা এমন প্রশ্নে তিনি বলেন, সাম্প্রতিক সময়ে রংপুর, ঝারিনাজোহৈ কাজ করছে এবং কোনো ধরনের বৈআইনি চাপ নেই। কেউই আইনকে উল্ধে নয়। অপরাধী যেই হোক তাকে আইনের আওতায় আনা হবে।

খলিলুর রহমান-জয়শঙ্কর বৈঠক

সপ্তাহে (৮ এপ্রিল) দিল্লি সফরকালে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা (এনএসএ) অজিত দোভাল এবং পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেন। বৈঠকের বিষয়ে খলিলুর রহমান বলেন, ‘বিদ্যমান পরিস্থিতি আরওতায় আমরা আগেই শেষ হাসানোকে ক্ষেত্রত চয়েছি। এই সফরে আমরা যেসব দাবিরই পুনরাবৃত্তি করেছি।’ তবে কৌশলগত কারণে আলোচনার সব তথ্য এখনই প্রকাশ করতে রাজি হাননি তিনি। ২০২৪ সালের ৫ আগস্ট ঢাকায় ছাত্র-জনতার তীব্র প্রত্যাশাদানের পর দেশ ছাড়ার পর থেকে শেষ হাসিনা ভারতের রাজধানী দিল্লিতে স্বত্বাধীন করছেন। দা হিন্দুর প্রতিবেদন থেকে জানা যায়, তাঁকে এবং যাকে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানকে দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়াটি বর্তমানে ভারত সরকারের বিবেচনাধীন। ২০২৫ সালের নভেম্বরে তৎকালীন অন্তর্বর্তী সরকারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা (বর্তমানে পররাষ্ট্রমন্ত্রী) খলিলুর রহমানের দিল্লি সফরের কয়েক দিন পরই বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে একটি আনুষ্ঠানিক চিঠি পাঠায়। বাংলাদেশে মানবতাবিরোধী অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার পর তাঁদের প্রত্যাশের জন্য এই আবেদন জানানো হয়েছিল। সে সময় ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের (এমইএ) মুখপাত্র হরণধী জয়সওয়াল এক বিবৃতিতে জানিয়েছিলেন, বাংলাদেশের পক্ষ থেকে পাঠানো প্রত্যাশণের অনুরোধটি বর্তমানে ভারতের নিজস্ব বিচারিক এবং অভ্যন্তরীণ আইনি প্রক্রিয়ার অংশ হিসেবে পরীক্ষা করে দেখা হচ্ছে। তিনি আরও বলেন, ভারত বাংলাদেশের জনগণের সর্বোচ্চ স্বার্থ রক্ষার বিষয়ে সব সময় প্রতিশ্রুতিবদ্ধ। গত তেরেক্সারিতে দায়িত্ব নেওয়া প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফরের বিষয়ে প্রমা করা হলে পররাষ্ট্রমন্ত্রী বলেন, ‘সফরটি অবশ্যই হবে, তবে আমরা এখনো তারিখ চূড়ান্ত করিনি। এই সময়ের প্রস্তুতির জন্য আনুষ্ঠানিকভাবে অনেকগুলো পরিকল্পনা পরিচালিত হবে।’ তিনি জানান ও জানান, দুই দেশের প্রধানমন্ত্রী ইতিমধ্যে চিঠি আদান-প্রদান করেছেন এবং টেলিফোনে কথা বলেছেন। দুই পক্ষই এই গুরুত্বপূর্ণ সম্পর্কে এগিয়ে নিতে অত্যন্ত আগ্রহী। খলিলুর রহমান দিল্লির বৈঠকগুলো নিয়ে ‘খেয়টে আগামীদা’ বলে জানান। তিনি বলেন, ‘আগামী কয়েক সপ্তাহের মধ্যেই আমরা সম্পর্কের এই অজ্ঞাভা দূরোত্তে পাব বলে আশা করছি।’ দিল্লিতে অনুষ্ঠিত বৈঠকে ভারত কর্তৃক গত এক বছরে সীমান্তি রাধা ভিন্সা প্রক্রিয়া পুনরায় চালু করার বিষয়টিও উত্থাপন করেছেন বাংলাদেশ। এ ছাড়া পশ্চিম এশিয়ায় যুদ্ধের পরিস্থিতি সৃষ্ট জ্বালানি ব্যতিতে মোকাবিলায় ভারতের সহযোগিতা চাওয়া হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী সতর্ক করে বলেন, ‘এই সংকট আরও ঘনীভূত হবে। ১৯৭০-এর দশকের তেলসংকটের মতো এটিও উন্নয়নের ধারাকে ব্যাধান্ত করতে পারে। আমাদের

ঐক্যবদ্ধভাবে এটি মোকাবিলা করতে হবে, অন্যথায় আমরা অস্বাভাবাবে ক্ষতিগ্রস্ত হব।’ খলিলুর রহমান বলেন, এ বছর বিমসতেকের চেয়ারম্যান হিসেবে বাংলাদেশ এই আঞ্চলিক জোটকে সক্রিয় করতে আগ্রহী। পাশাপাশি দীর্ঘদিন স্থগিত থাকা সার্ক সম্মেলন পুনরায় শুরু করার ওপরও জোর দেন তিনি। তিনি বলেন, ‘যদি আমরা সবাই মিলে কাজ করি এবং নির্দিষ্ট কিছু দেশ কেন অংশ নিতে চাইছে না; সেই কারণগুলো দূর করতে পারি, তবে সার্ক সম্মেলন অনুষ্ঠানে কোনো বাধা থাকার কথা নয়। এটি মূলত অন্যদের কাছে পৌছানোর বিষয়।’

সারাদেশে হামে

১৪ হাজার ৩৮৫ শিশুর আক্রান্ত হওয়ার তথ্য জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। সবচেয়ে বেশি মৃত্যু ও আক্রান্ত হয়েছে ঢাকা বিভাগে, পরের স্থানে আছে রাজশাহী বিভাগ। ঢাকা বিভাগে নিশ্চিত ও সন্দেহজনক ৭৪৭৮ শিশু এবং রাজশাহী বিভাগে ৩৪৪৯ শিশু হামে আক্রান্ত হয়েছে।

ক্ষমতার স্বাদ পেয়ে বিএনপি

আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম। শনিবার (১১ এপ্রিল) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে শ্রমিক কল্যাণ ফেডারেশনের জি-বার্ষিক জাতীয় সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ অভিযোগ করেন। নাহিদ বলেন, দেশের জাতীয় ইতিহাসে আমরা সেরা দলের দেখছি, শ্রমিকরা রক্ত ঝরিয়েছেন, জীবন দিয়েছেন। ১৯৪৭ এজ আজাদির লড়াই থেকে ১৯৭১ সালের মহান যুক্তিযুদ্ধ এবং সেনে যত গণঅভ্যুত্থান হয়েছে, এমনকি চল্লিশের গণঅভ্যুত্থানে যারা জীবন দিয়েছেন তাদের অবিকাংশই শ্রমজীবী মানুষ। তিনি বলেন, শ্রমজীবী মানুষের রক্তের ওপর দিয়ে ক্ষমতায় আসা বিএনপি এক মাসের মাথায় জনগণের সঙ্গে প্রভারণা করেছে। নতুন যে সরকার গঠিত হয়েছে, তারা শ্রমিকদের রক্তের ওপর ক্ষমতায় বসেছে। কিন্তু এক মাসের মাথায় তারা নতুন বাংলাদেশের সঙ্গে বৈধমানি করেছে। গণভোটের গণসারা বুদ্ধাঙ্গুলি দেখিয়েছে। এই সরকার গণবিরোধী সরকার। ক্ষমতার স্বাদ পেয়ে বিএনপি জনগণের রক্তের কথা ভুলে গেছে। এনিস্পির আহ্বায়ক আরও বলেন, অন্তর্বর্তী সরকারের অধ্যাদেশগুলো আইনে পরিণত করার ও সংস্কার বাস্তবায়নের গুদাঘা বিলম্বিত ভঙ্গ করছে। দেশের রাজনীতিতে ওয়াদা ভঙ্গের পরিণতি চালা হবে না। সবচেয়ে নগড়ে তুলে শ্রমিকের অবিকারসহ সংস্কার বাস্তবায়নে বাধ্য করা হবে।

তেল আছে শুধু সংসদে

ইসরাইলের আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, ‘তেল আছে শুধু সংসদে, বাংলাদেশে নাই। সংসদে সরকারি দলের মন্ত্রী-সংসদ সদস্যরা কথা বললে মনে হয় দেশ তেলের ওপর ভাসছে, শুধু কিছু অসং চোরচৌঠা মানুষের কারণে আমরা সমস্যায় পড়ে গেছি।’ দেশে বড় যত সিভিকিট তৈরি হয় তার সবগুলো পেছনে সরকারি দলের হাত থাকে। অতীতের মতো বর্তমানেও এটি সত্য বলে মন্তব্য করেন তিনি। শনিবার (১১ এপ্রিল) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট অব বাংলাদেশ (কেআইবি) মানুষের ভাঙে এটা সেমিনারে তিনি এসব কথা বলেন। ‘বাংলাদেশের কৃষিতে বিশ্ব জ্বালানি সংকটের প্রভাব: উত্তরণের উপায়’ শীর্ষক সেমিনারের আয়োজন করে গ্রীষ্মকালচরিস্ট ফোরাম অব বাংলাদেশ। জামায়াতের এই শীর্ষ নেতা বলেন, জ্বালানি হচ্ছে এমন এক জিনিস যা সমাজকে এনাভি জোগায়। জ্বালানি ছাড়া সমাজের সবকিছু অচল। তিনি বলেন, সংসদে যখন মন্ত্রী, সরকারি দলের সদস্যরা কথা বলেন, তখন মনে হয় দেশ তেলের ওপর ভাসছে। অথচ সাধারণ মানুষ মাইলের পর মাইল লাইনে দাঁড়িয়েও তেল পাচ্ছে না। সংসদে সব আশা বিফলে না গেলেও ভালেটা কিছু মেনেই এমন মন্তব্য করে শফিকুর রহমান বলেন, সংসদীয় গণতন্ত্রের মূলমন্ত্র হওয়া উচিত জনগণের স্বার্থে আইন প্রণয়ন করা। কিন্তু শুক্রবারের ইভেন্টগুলো দেখলে বোঝা যায় বাস্তবতা কিন্তু। তিনি বলেন, আমি সংসদে দাঁড়িয়েও বলেছিলাম, আমরা নবীন সদস্য হয়েও রাজনীতিব় হুস্থ চাঁচা করতে দিই। জনগণের চ্যাপ্পের প্রতিটি প্রশ্নের হিসাব আমাদের দিতে হবে। আমি বলব না, যে সব আশা বিফলে যাচ্ছে, তবে এখন পর্যন্ত সংসদ থেকে জাতির জন্যা খুব ভালো কিছু উল্লেখিত দেওয়া সম্ভব হয়নি। দেশের সামগ্রিক ব্যবস্থা নিয়ে ক্ষোভ প্রকাশ করে জামায়াত আমির বলেন, বর্তমানে গোটা সমাজ চলেছে গোঁজামিল আর টপ-ড্রেসিংয়ের মাধ্যমে। ব্যাংকিং খাত থেকে শুরু করে সব জায়গায় শুধু হিসাব মেলাবার চেষ্টা চলছে, যেখানে ক্যাশ নেই কিন্তু খাতায় লাভ দেখানো হচ্ছে। এই ‘গোঁজামিল’ দিয়ে দেশ চলতে পারে না। আমাদের উচিত মেরিটোক্রেনিক (মেশার্ভিত্তিক) সোসাইটি গড়ে তোলা, পলিটোক্রেটিক (রাজনীতিভিত্তিক) নয়। কৃষিবিদ ইনস্টিটিউটের বর্তমান পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন জামায়াত আমির। তিনি বলেন, হুন্লাম এখানেও নাকি বিবিসির মতো ‘কু’ ঘটানোয় চেষ্টা হচ্ছে। কৃষিবিদদের মতো মেধাবী মানুষদের সংগঠনে কেন জোর করে নেতৃত্ব দখলের রাজনীতি থাকবে? উপযুক্ত লোককে উপযুক্ত জায়গায় বসানোই সরকারের সার্থকতা। এখানে দল, ধর্ম বা লিঙ্গ দেখার সুযোগ নেই। এই ব্যাড কালচারের কবর রচনা করতে হবে। কৃষির বিপর্যয় মানেই দেশের বিপর্যয় এমন মন্তব্য করে বিরোধীদলীয় নেতা বলেন, কৃষি বাঁচলে, দেশ বাঁচবে। এটি আমাদের ভুলে গেলে চলবে না। কৃষির বিপর্যয় ঘটলে গোটা জাতির বিপর্যয় ঘটবে। কোনো বিদেশি ঋণ বা সহায়তা জাতিকে সোজা হয়ে দাঁড় করতে পারবে না যদি আমাদের কৃষি ধ্বংস হয়ে যায়। অথচ জ্বালানি সংকটের কারণে কৃষকরা সেচ দিতে পারছেন না, যা খাদ্য নিরাপত্তার জন্য বড় হুমকি।

পরীক্ষার হলে ক্যামেরা বন্ধ

বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এছানুল হক মিলন। তিনি বলেছেন, পরীক্ষার সময় বিদ্যুৎ ছিল না বলে সিসিটিভি ক্যামেরা ক্যামের বন্ধ হয়ে গেছিল, এটা বললে কিন্তু বুঝবে ডাল মে কুচ কালা যায়। তিনি জানান, পরীক্ষাগুলো যেন সারাদেশে কোনো লোভচুরি না হয়, সেজন্য বিদ্যুৎ বিভাগকে বিশেষ চিঠি দেবে। আশা করি, লোভচুরিদের ভোগান্তি থেকে পরীক্ষার্থী মুক্ত পাবে। শনিবার (১১ এপ্রিল) দুপুরে রাজশাহী মেডিকেল কলেজের (রামেক) অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। এছানুল হক মিলন বলেন, পরীক্ষার সময় বিদ্যুৎ ছিল না বলে সিসিটিভি ক্যামেরা ক্যামের বন্ধ হয়ে গেছিল, এটা বললে কিন্তু বুঝবে ডাল মে কুচ কালা যায়। ক্যামেরা অফ কালা চলবে না। এখানে যে সমস্যা হবে, তাদের যৌক্তিক কারণ দেখাতে হবে। রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের সভাপতিতে অনুষ্ঠানে স্থানীয় সংসদ সদস্য, রাজশাহী বিভাগীয় কমিশনার, মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানসহ শিক্ষা মন্ত্রণালয়ের উপর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। শিক্ষা বোর্ডগুলোর প্রকাশিত সময়সূচি অনুযায়ী- এবার এসএসসি ও সমমান পরীক্ষা শুরু হবে আগামী ২১ এপ্রিল। প্রথমদিন বাঙ্গা প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা শেষ হবে ২০ মে। ৭ জুন থেকে শুরু হবে ব্যবহারিক পরীক্ষা, যা চলবে ১৪ জুন পর্যন্ত।

সংরক্ষিত নারী আসনে বিএনপির

যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। শনিবার (১১ এপ্রিল) রাজধানীর নয়াপল্টনে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে রিজভী এ তথ্য জানান। তিনি বলেন, সংরক্ষিত নারী আসনের জন্য দলের মনোনয়ন ফরম বিক্রি শুরু হয়েছে। গুত্তবাবর পাঁচ শতাধিক ফরম বিক্রি হয়েছে। ফরম বিক্রি ও জমা দুটাই শনি ও রবিবার চলবে। দলের পক্ষ থেকে আমাদের যে মনোনয়ন বোর্ড আছে সেখানে তাদের আবেদনটি যাবে এবং কি পদ্ধতিতে এই প্রক্রিয়া সম্পন্ন হবে এটি হয়তো অজকালের মধ্যেই জানা যাবে। রিজভী বলেন, গণতান্ত্রিক রীতিনীতি অনুযায়ী বরাবরই বিএনপি যেভাবে তার সংসদ সদস্যদের বাছাই করে ঠিক একইভাবে এবারও সেই পদ্ধতিতে অবলম্বন করা হচ্ছে। অর্থাৎ যারা প্রার্থী হতে ইচ্ছুক তাদের দলের যে মনোনয়ন ফরম সেটি বিতরণ করছে এবং তারা সেটি পূরণ করে যা চাওয়া হয়েছে সেই ডকুমেন্টসগুলোই আমাদের কাছে জমা দেবেন। দুপুর ১টার দিকে দলের সহ-দপ্তর সম্পাদক তারিকুল ইসলাম তেনজি়ি বলেন, মনোনয়ন

ফরম এখনো কিনছেন নারী নেত্রীরা। এখন পর্যন্ত ছয়শ’ ওপরে মনোনয়ন ফরম বিক্রি হয়েছে। জমা পড়ছে ৭৮-৭৯টি। আগামীকাল মনোনয়ন ফরম জমা দেওয়ার শেষ দিন। আশা করছি, যারা মনোনয়ন ফরম নিয়েছেন তারা কালই জমা দেবেন। মনোনয়ন ফরম বিক্রি বেশি ইঙ্গিত করে বিএনপির জোড়া যুগ্ম মহাসচিব বলেন, এবারের প্রত্যাশা অত্যন্ত বেশি এই কারণেই যে দীর্ঘ ১৬-১৭ বছর এক ভয়ানক দুর্বিধহ পরিস্থিতি অতিক্রম করে আজকের এই জায়গায় উপনীত হয়েছে। একটা অবাধ এবং মুঠু নির্বাচনের জন্য দীর্ঘ লড়াই করতে হয়েছে। দীর্ঘ লড়াইয়ের পর আমরা গণতান্ত্রিক চর্চা রীতিনীতি এবং এটি অনুশীলন করার যে পরিবেশ পাওয়া গেছে সেটির সর্বোচ্চ ব্যবহার আমাদের করতে হবে। মনোনয়ন ইচ্ছুক প্রার্থী চূড়ান্তের বিষয়ে রিজভী বলেন, লিখত আদোলনে নারীদের অনেক অবদান রয়েছে। গত ১৬ বছর যারা ফেসবুকে কোনো স্বাধীন মতামত পেশ করেছেন তাদের গভীর রাতে পুলিশ গ্রেফতার করে নিয়ে গেছে। যারা রাজপথে অনেক সক্রিয় ছিলেন তাদের ওপর চলেছে বর্বরোচিত অত্যাচার, নিপীড়ন-নির্যাতন। মিথ্যা মামলা দিয়ে এই নিপীড়ন-নির্যাতনের শেষ ছিল না। অব্যাহত গতিতে নিপীড়ন-নির্যাতন তাদের সহ্য করতে হয়েছে। আমি মনে করি দলের আন্দোলন-সংগ্রামে যাদের ভূমিকা রয়েছে এবং যাদের দক্ষতা রয়েছে পার্লামেন্টে কথা বলার অত্যন্ত যুক্তি সহকারে এবং সমাজে যাদের সুনাম আছে তাদেরই নিশ্চয়ই দল বাছাই করবে বলে আমার দৃঢ় বিশ্বাস। দলীয় মনোনয়ন প্রক্রিয়া ‘দ্রুত সম্পন্ন করতে হবে’ মন্তব্য করে তিনি বলেন, সময় কম। দ্রুতই দলীয় প্রক্রিয়াটা আমাদের সম্পন্ন করতে হবে। কারণ চূড়ান্ত তালিকাভুক্ত প্রার্থীদের আবার নির্বাচন কমিশনে গিয়ে তাদের কাজ হচ্ছে। শনিবারও নয়াপল্টনের কার্যালয়ে শিক্ষক, আইনজীবী, শিল্পী, ছাত্রাঙ্গলের সাবেক নেত্রীরাও মনোনয়ন ফরম কিনেছেন। তাদের মধ্যে এখনে কর্মশিল্পী কর্মকর্তাণা, স্বেচ্ছাসেবক দলের প্রয়াত সভাপতি শফিউল বারী বাবুর সহধর্মিণী বাঁথিকা বিনতে হোসাইনসহ সাবেক সংসদ সদস্যরা। মনোনয়ন ফরমের মূল্য ধরা হয়েছে ২ হাজার টাকা। ১২ এপ্রিল পর্যন্ত ফরম উঠানো এবং জমা দেওয়া যাবে। জমা দেওয়ার সময় প্রার্থীদের ৫০ হাজার টাকা জমানাত জমা দিতে হবে বলে জেলা পরিষদটি। গত বুধবার সকালে জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন (ইসি)। মনোনয়ন খাতিরের শেষ তারিখ নির্ধারণ করা হয়েছে ২১ এপ্রিল। মনোনয়ন পর বাছাই ২২ ও ২৩ এপ্রিল। বাছাই নিয়ে কোনো আপত্তি থাকলে আপিল করা যাবে ২৬ এপ্রিল, আর সেই আপিল নিশ্পত্তি করা হবে ২৭ ও ২৮ এপ্রিল। চূড়ান্ত প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ দেওয়া হবে ৩০ এপ্রিল। এরপর ভোজিগ্রহণ আগামী ১২ মে।

তৈরি পোশাক রপ্তানিতে বড় ধাক্কা, টিকে থাকতে কৌশল বদলের তাগিদ

কীর্তনখোলা ডেস্ক

দেশের তৈরি পোশাক খাতের প্রধান দুই বাজার যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়নে (ইইউ) রপ্তানিতে বড় ধরনের ধস নেমেছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ৯ মাসে এই দুই বাজারে উল্লেখযোগ্য হারে কমে গেছে রপ্তানি। এর প্রভাব পড়ছে দেশের সামগ্রিক পণ্য রপ্তানি ও অর্থনীতিতে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্যমতে, চলতি অর্থবছরের জুলাই-মার্চ সময়ের (৯ মাস) পোশাক রপ্তানি হয়েছে ৮৬.৫৮ বিলিয়ন মার্কিন ডলার। যা গত বছরের একই সময়ের তুলনায় ৫.৫১ শতাংশ কম। বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তা, অভ্যন্তরীণ জ্বালানি সংকট এবং আন্তর্জাতিক বাজারের পরিবর্তনশীল চাহিদা রপ্তানি কমার প্রধান কারণ বলে মনে করছেন খাত সংশ্লিষ্টরা। এ পরিস্থিতিতে টিকে থাকতে উৎপাদিত পণ্যে বৈচিত্র্য আনা, কৌশল বদল, সক্ষমতা বৃদ্ধি ও নতুন বাজার খোঁজার চিন্তা করছেন উদ্যোক্তারা। দেশের পোশাক রপ্তানির সবচেয়ে বড় গন্তব্য ইউরোপীয় ইউনিয়ন। যেখানে মোট রপ্তানির প্রায় ৪৯ শতাংশ পণ্য যায়। এ বাজারে রপ্তানি কমে দাঁড়িয়েছে ১৪.২ বিলিয়ন ডলারে। সংশ্লিষ্টরা বলছেন, ইউরোপে ভোক্তা জগত কমে যাওয়া এবং অর্থনীতির অনিশ্চয়তা এর প্রধান কারণ। ছিটায় বৃহত্তম বাজার যুক্তরাষ্ট্রেও একই প্রবণতা দেখা গেছে। সেখানে রপ্তানি কমে ৫.৫৯ বিলিয়ন ডলারে নেমেছে। যদিও এই বাজার তুলনামূলক স্থিতিশীল। তবুও ক্রেতাদের চাহিদায় পরিবর্তনের ইঙ্গিত পাওয়া যাচ্ছে। যুক্তরাজ্যের বাজারেও কিছু

রাজি করাতে পারেননি ও প্রেসিডেন্টকে ইসরায়েলের ফাঁদে পড়েন শুধু ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক
যুক্তরাষ্ট্রে দিয়ে ইরানে হামলা করার পরিকল্পনা ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর। তিনি বহু বছর ধরে এ পরিকল্পনা বাস্তবায়নের চেষ্টা করে আসছেন। কিন্তু কোনো প্রেসিডেন্টই ইরানে হামলা করতে রাজি হননি। কিন্তু ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা আত্মতত্ত্ব্য প্রতিদিন

বরিশাল ১১ রবিবার ১১ ১২ এপ্রিল ২০২৬ ১২ ২৯ চৈত্র ১৪৩২

ইরানে অস্ত্রের চালান পাঠানোর প্রস্তুতি নিচ্ছে চীন

কীর্তনখোলা ডেস্ক
আগামী কয়েক সপ্তাহের মধ্যে ইরানে অস্ত্রের চালান পাঠানোর প্রস্তুতি নিচ্ছে চীন। এই অস্ত্রের মধ্যে থাকবে নতুন আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা। যুক্তরাষ্ট্রের গোয়েন্দাদের বরাতে শনিবার (১১ এপ্রিল) এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম ৩ এর পাতায় দেখুন



গণভোটের রায় কোনো দক্ষিণ্য নয়, এটাই সংখ্যাগরিষ্ঠ মানুষের রায়: অ্যাড. হেলাল

কীর্তনখোলা রিপোর্ট
বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল বলেছেন, ৫০ শতাংশ ভোটে দুই তৃতীয়াংশ আসন পেয়ে সংখ্যা গরিষ্ঠতার জেরে বর্তমান সরকার জুলাই সনদ ও গণভোটের রায়কে অস্বীকার করতে চায়। অথচ

গণভোটে 'হ্যাঁ' ভোট দিয়েছেন ৭০ শতাংশ ভোটার। তাই গণভোটের রায় কোন দক্ষিণ্য নয়, এটাই সংখ্যাগরিষ্ঠ মানুষের রায়। অবিলম্বে গণভোটের রায় বাস্তবায়নের দাবিতে ১১দলীয় একাজোটের বিক্ষোভ মিছিল ও সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ১১ এপ্রিল

শনিবার বিকেল ৫টায় নগরীর টাউনহল চত্বরে এই সমাবেশ অনুষ্ঠিত হয়। অ্যাডভোকেট হেলাল আরো বলেন, শুধুমাত্র সরকার পরিবর্তনের জন্য জুলাই বিপ্লবে এত মানুষ জীবন দেয়নি। দেশের একটি মৌলিক পরিবর্তনই ছিল মুখ্য। সকল রাজনৈতিক দল একমুখ্য হয়ে ৩ এর পাতায় দেখুন



যাত্রীবাহী বাস মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষ নিহত ১

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল কুয়াকাটা মহাসড়কের পুরে যাত্রীবাহী বাস ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে এক মোটরসাইকেল চালক নিহত হয়েছেন। শনিবার রাত সাড়ে তিনটার দিকে মহাসড়কের বদরপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, মোটরসাইকেলটি বাকেরগঞ্জ থেকে পটুয়াখালীর দিকে যাচ্ছিল। পটুয়াখালীর বদরপুর নামক স্থানে পৌছালে পথিমধ্যে বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগামী যাত্রীবাহী বাসের সঙ্গে সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেলটি দুমড়ে-মুচড়ে যায় এবং ঘটনাস্থলেই চালক গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত ৩ এর পাতায় দেখুন



আম কুড়াতে গিয়ে জিওপি নেতার মারধরের শিকার দুই শিশু

দশমিনা প্রতিনিধি
পটুয়াখালীর দশমিনা উপজেলায় আম কুড়ানোকে কেন্দ্র করে দুই স্কুলছাত্রকে নির্মমভাবে পিটিয়ে গুরুতর আহত করার অভিযোগ উঠেছে এক স্থানীয় গণঅধিকার পরিষদের নেতার বিরুদ্ধে। আহত শিশুদের একজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। শুক্রবার (১০ এপ্রিল) সন্ধ্যায় উপজেলার সদর ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের কাউনিয়া গ্রামের মোল্লা বাড়িতে এ হুমসিয়ারকর ঘটনা ঘটে। অভিযুক্ত মো. ইমাম মোল্লা (৫৫) স্থানীয় গণঅধিকার পরিষদের ওয়ার্ড সভাপতি বলে জানা গেছে। আহতরা হলো- দশমিনা পাইলট স্কুলের পঞ্চম শ্রেণির ছাত্র আশিক মোল্লা (১০) এবং দশমিনা পাবলিক ৩ এর পাতায় দেখুন

পহেলা বৈশাখে ইলিশ সংকট বিক্রি হচ্ছে আকাশছোঁয়া দামে

বরগুনা প্রতিনিধি
পহেলা বৈশাখকে সামনে রেখে দেশের বৃহত্তম পাইকারি ইলিশ বাজার পাহকারি ইলিশ ইলিশের সরবরাহ প্রায় নেই বললেই চলে। ব্যবসায়ীরা জানান, প্রতি বছর এই সময়টিতে বাজারে ইলিশের ব্যাপক

গভীর সমুদ্র মাছ ধরতে যেতে পারছে না অধিকাংশ ফিশিং বোট। ফলে বাজারে সামুদ্রিক ইলিশের সরবরাহ প্রায় নেই বললেই চলে। ব্যবসায়ীরা জানান, প্রতি বছর এই সময়টিতে বাজারে ইলিশের ব্যাপক



ভোলা প্রেসক্লাবের সভাপতি নজরুল, সাধারণ সম্পাদক নাসির

ভোলা প্রতিনিধি
দীর্ঘ ৬০ বছরের ঐতিহ্যবাহী ভোলা প্রেসক্লাবের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতি পদে নির্বাচিত হয়েছেন ইন্ডিপেন্ডেন্ট টিভির ভোলা জেলা প্রতিনিধি নজরুল হক অনু ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন সময় টিভি এসোসিয়েট সিনিয়র রিপোর্টার এবং সমকালের ভোলা জেলা প্রতিনিধি নাসির উদ্দীন লিটন। শনিবার (১১ এপ্রিল) সকাল ১০টা থেকে উপসমুখর পরিবেশে শুরু হওয়া ভোটার্স হল চলে দুপুর ১টা পর্যন্ত। এরপর ৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় কুকুরের কামড়ে আহত ১৩, ভ্যাকসিন সংকট

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় কুকুরের কামড়ে অর্ধশত মানুষ আহত হয়েছে। গত দু'সপ্তাহ ধরে পৌরশহর সহ উপজেলার বিভিন্ন ইউনিয়নে এমন ঘটনা ঘটায় মানুষ আতঙ্কিত হয়ে পড়েছে। কলাপাড়া হাসপাতাল সহ ওষুধের দোকান গুলোতে ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না। এতে কুকুরের কামড়ানো রোগীদের চিকিৎসা ব্যাহত হচ্ছে। গত ১ এপ্রিল থেকে ১১ এপ্রিল দুপুর পর্যন্ত ৩ এর পাতায় দেখুন



মাছ ঘাট নিয়ে সংঘর্ষ, বিএনপি নেতাসহ আহত দুই

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
মেহেন্দিগঞ্জের সিমান্তে ধূলখোলায় মাছ ঘাটকে কেন্দ্র করে এক রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনা ঘটেছে। প্রতিপক্ষের হামলায় ৫নং ওয়ার্ড বিএনপির সভাপতি জাহাঙ্গীর হুজুর ও তার ভাতিজা রাকিব হোসেন গুরুতর আহত হয়েছেন। আজ শনিবার সকাল আনুমানিক ৯টার দিকে ধূলখোলা ইউনিয়নের ৭নং ওয়ার্ডে এ হামলার ঘটনা ঘটে। স্থানীয় ও আহত সূত্রে জানা যায়, ধূলখোলা ইউনিয়নের ৭নং ওয়ার্ডের একটি মাছ ঘাট দখল নিয়ে আলম চৌকিদারের ৩ এর পাতায় দেখুন



গৌরনদীতে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

গৌরনদী প্রতিনিধি
“উদ্ভাবননির্ভর বাংলাদেশ গঠনের বিজ্ঞান ও প্রযুক্তি” এই গোপোনে বরিশালের গৌরনদীতে ৪৭তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলা ২০২৬ উপলক্ষে নানা আয়োজনে অনুষ্ঠিত হয়েছে। মেলায় উদ্বোধন করেন গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক জনাব ইব্রাহিম। উপজেলা ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা ডেস্ক
কৃষ্ণায় ইসলাম ধর্ম বিকৃতির অভিযোগে এক কথিত পীরের আন্তানায় ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছেন স্থানীয় মুসল্লি ও এলাকাবাসী। এ সময় কথিত পীর শামীম রেজা গুরফে জাহাঙ্গীর ও তার অনুসারীদের বেধড়ক মারধর করেন তারা। এ ঘটনায় কথিত পীর শামীমকে আহত অবস্থায় দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে চিকিৎসাবাহী অবস্থায় বিকেল ৪টার দিকে তার মৃত্যু হয়। শনিবার (১১ এপ্রিল) দুপুর আড়াইটার দিকে দৌলতপুর উপজেলার ফিলিপনগর ৩ এর পাতায় দেখুন

কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com